## রাজশাহী জেলাধীন দুর্গাপুর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের সেপ্টেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) দুর্গাপুর, রাজশাহী।
স্থান ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমপ্লেক্সের সভাকক্ষ, দুর্গাপুর, রাজশাহী।
তারিখ ঃ ১১/০৯/২০২৫ খ্রিঃ
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্য বিষয় অনুসারে আলোচনা করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কারী |
|---|---|---|
| ০১। **পরিবার পরিকল্পনা কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনাঃ** সহকারী উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জনাব, মোঃ সাদ্দাম হোসেন সভায় আগস্ট/২০২৫ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। উক্ত প্রতিবেদন পর্যালোচনা কালে দেখা যায়, অত্র উপজেলার বর্তমান সক্ষম দম্পতি ৪৫৯১৯ এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি মোট গ্রহীতা ৩৫৩০৮ অর্থাৎ গ্রহণকারীর হার ৭৬.৮৯%। যার মধ্যে অস্থায়ী পদ্ধতি খাবার বড়ির গ্রহীতা ১৬০৯৩ জন, ইনজেকশানের গ্রহীতা ৪৫৮০ জন এবং কনডমের গ্রহীতা ৭৮০৩ জন। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার পরিবার পরিকল্পনা সেবার মান বৃদ্ধির পারামর্শ প্রদান করেন।<br>স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতিতে দুর্গাপুর উপজেলায় অর্জনের হার মোট সক্ষম দম্পতির ১৪.৯৫%। আগস্ট, ২০২৫ মাসে মহিলা বন্ধ্যাকরণ হয়েছে ২ টি, ইমপ্লানন সম্পাদিত হয়েছে ৩০ টি এবং আইইউডি সরবরাহ না থাকায় অত্র উপজেলায় দীর্ঘমেয়াদি পদ্ধতি আই ইউ ডি সম্পাদন হয় নাই। ডাঃ আঈশা নুসরাত জাহান, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ) বলেন বিগত কয়েকে মাস আই ইউ ডি এবং ইমপ্লানন সরবরাহ ছিল না কিন্তু গত মাসে ইমপ্লানন সরবরাহ পাওয়া গেলে ও আশানুরুপভাবে ইমপ্লানন সম্পাদন হয় নাই। সুতরাং তিনি চলতি মাসে ইমপ্লাননের অর্জন বৃদ্ধির জন্য নির্দেশ প্রদান করেন এবং চলতি মাসে আইউডি'র সরবরাহ পাওয়া গেছে বিধায় আইউডি'র অর্জন বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি প্রত্যেক কর্মীর জন্য মাসে ৫ (পাঁচ) টি ইমপ্লানন এবং ১ (এক) টি আইইউডি ক্লায়েন্ট রেফার করার নির্দেশ প্রদান করেন। অথবা আইইউডি ক্লায়েন্ট রেফারে ব্যর্থ হলে আরও ৪ (চার) টি ইমপ্লানন ক্লায়েন্ট রেফারের নির্দেশনা প্রদান করেন। | ০১। পরিবার পরিকল্পনা সেবার মান বৃদ্ধি সহ স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতির অগ্রগতি বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। বিশেষ করে ইমপ্লানন এবং আই ইউ ডি'র অগ্রগতি বৃদ্ধির সিদ্ধান্ত গৃহিত হয়। প্রত্যেক কর্মীর জন্য মাসে ৫ (পাঁচ) টি ইমপ্লানন এবং ১ (এক) টি আইইউডি ক্লায়েন্ট অথবা আইইউডি ক্লায়েন্ট রেফারে ব্যর্থ হলে আরও ৪ (চার) টি ইমপ্লানন ক্লায়েন্ট রেফারের সিদ্ধান্ত গৃহিত হয়। | ০১। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিক্যাল অফিসার(এমসি এইচ এফপি), উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) পরিবার কল্যাণ সহকারী (সকল) |
| ০২। **মা ও শিশু স্বাস্থ্য সেবা সর্ম্পকে আলোচনা ঃ** সভায় মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম সর্ম্পকে বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে অত্র উপজেলায় গর্ভবতি মা আছেন ১২৩৭ জন এবং তাদেরকে সার্বিকভাবে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ ও পরিবার কল্যাণ সহকারীগণ সার্বক্ষনিক সেবা প্রদান করছেন। অগাস্ট/২০২৫ মাসে সদর ক্লিনিক সহ বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভবতির সেবা প্রদান করা হয়েছে মোট ৪৬১ জন । জীবিত জন্মের সংখ্যা ১২২ । প্রাতিষ্ঠানিক ডেলিভারী সম্পাদিত হয়েছে ১২০টি। যা মোট ডেলিভারীর ৯৮% । গর্ভোত্তর সেবা পেয়েছে ৫৮ জন। ০-৫ বছরের সেবা প্রাপ্ত মোট শিশু ১৩৪৫ সেবা প্রাপ্ত সাধারণ রোগীর সংখ্যা ৫৮৮ যার মধ্যে পুরুষ ১৫ জন এবং মহিলা ৩৭৫ জন। ডাঃ আঈশা নুসরাত | ২। মা ও শিশু স্বাস্থ্য সেবায় অগ্রগতি বৃদ্ধির জন্য আরও তৎপর হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ০২। উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার/মেডিক্যাল অফিসার(এমসি এইচ এফপি), উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার, পরিবার কল্যাণ পরিদর্শিকা, পরিবার পরিকল্পনা পরিদর্শক (সকল) পরিবার কল্যাণ সহকারী (সকল) |

১১/৯/২৫

ডাঃ আঈশা নুসরাত জাহান
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অঃ দাঃ)
দুর্গাপুর, রাজশাহী।